

# সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, ৭৪৩৫০৪

অ্যাডমিশন নোটিস-৪০

বিএ অনার্স ও জেনারেল ২০২০-২১

১২-১২-২০২০

ডি-রিজার্ভেশনের পরে সংশ্লিষ্ট দফতরের নিয় মোতাবেক প্রথম অনলাইন আবেদন পর্বের কুড়ি তম শর্তাধীন মেধা তালিকা প্রকাশিত হল। তালিকায় যে সমস্ত ছাত্রছাত্রীদের নাম এসেছে, তাদের আগামী ১৩ ডিসেম্বর (শুক্রবার) ২০২০ রাত ১১টা ৫৯ মিনিটের মধ্যে অনলাইনে টাকা জমা করে ভর্তি হতে হবে। ১৪ ডিসেম্বর পরবর্তী শর্তাধীন মেধা তালিকা প্রকাশিত হতে পারে।

## বিশেষ ঘোষণা

মেধা তালিকা প্রস্তুত করতে গিয়ে দেখা গিয়েছে, একই আবেদনকারী একই আসনে একাধিকবার আবেদন করেছে। তাদের ওই নির্দিষ্ট আসনে করা সব ক'টি আবেদনকে একটি আবেদন হিসেবেই গ্রহণ করা হয়েছে। অতিরিক্ত আবেদনগুলি মেধা তালিকায় থাকলেও সেগুলিকে বাতিল ধরে শূন্য আসনের হিসেব অনুযায়ী পরবর্তী আবেদনকারীদের নামও মেধা তালিকায় রাখা হয়েছে। উদাহরণ, ধরা যাক বাংলা অনার্সের সাধারণ আসনে ৪৪টি আসন শূন্য রয়েছে। উক্ত ৪৪টি আসন মেধা তালিকায় থাকা আবেদনকারীদের মধ্যে থেকে নাম ঘোষণা করতে গিয়ে দেখা যাচ্ছে, পাঁচ জন এমন একই আবেদনকারী রয়েছে যাঁরা একই আসনের জন্য মোট ১৫ বার আবেদন করেছে। সেক্ষেত্রে এই ১৫টি নামের মধ্যে ৫টিকে বৈধ ধরে ৪৪টি আসনের জন্য মেধা তালিকা থেকে পরবর্তী আরও ১০টি নাম নিয়ে মোট ৫৪টি নামের তালিকা প্রকাশ করতে হয়েছে। নাম ৫৪টি হলেও আসন সংখ্যা ৪৪টিই থাকবে। কারণ, এই ৫৪টি নামের মধ্যে ১০টি নাম একই ব্যক্তির হওয়ায় তা অবৈধ ঘোষিত হচ্ছে। এ রকম একই আবেদনকারী একটি আসনের জন্য একাধিকবার ভর্তি হলেও তার একটি ভর্তিকেই বৈধ বলে ধার্য করা হবে। এমন ভাবে চিহ্নিত একই আবেদনকারীর নাম যদি একটি শর্তাধীন মেধাতালিকায় প্রকাশিত হওয়ার পরে, একাধিক বার আবেদন করার জন্য পরবর্তী মেধাতালিকাতেও নাম আসে, সেক্ষেত্রে পূর্বের মেধা তালিকার নামটিকেই বৈধ বলে ধার্য করা হবে। পরবর্তী মেধাতালিকা থেকে ভর্তি হলে তার ভর্তি বাতিল করা হবে।

**এ ক্ষেত্রে মোট আসন সংখ্যা অপরিবর্তিত থাকবে।**

## জরুরি তথ্য

- ক্লাস শুরু না হওয়া পর্যন্ত আবেদনকারী বা ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কাউন্সেলিং বা ভেরিফিকেশন সংক্রান্ত কাজের জন্য কলেজে আসার প্রয়োজন নেই।
- মেধা তালিকায় নাম এলে কলেজ কর্তৃপক্ষের তরফে আবেদনকারীদের ই-মেল বা এসএমএস পাঠিয়ে তা জানানো হবে।
- ভর্তির টাকা মহাবিদ্যালয়ের অনলাইন অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে অনলাইনে জমা করতে হবে।
- ক্লাস শুরু হলে ছাত্রছাত্রীদের সমস্ত নথি যাচাই করা হবে।

ভর্তি হওয়ার পরে যদি কোনও ছাত্র/ছাত্রীর অনলাইনে প্রদত্ত তথ্য/নথিতে গোলমাল ধরা পড়ে, সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নোটিসের জন্য আবেদনকারীদের গোটা ভর্তি প্রক্রিয়া পূর্বে কলেজের ওয়েবসাইটে নিয়মিত নয়র রাখতে বলা হচ্ছে। এসএমএস বা ই-মেল না পাওয়াকে নির্দিষ্ট সময়ে ভর্তি না হতে পারার যুক্তি হিসেবে বিবেচনা করা হবে না।

আবেদনকারী হলেই তার ভর্তি হওয়ার দাবি জানানোর অধিকার থাকবে না। ভর্তি হবে অনলাইনে, মেধার ভিত্তিতে, সংরক্ষণের শর্ত মেনে এবং আসন সংখ্যা অনুযায়ী।

আদেশানুসারে